গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বেসরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

বিষয়: আগামী ১০-১৬ মার্চ ২০১৯ অথবা সুবিধামত তারিখে স্বাস্থ্য সেবা সপ্তাহ পালন উপলক্ষ্যে করনীয় বিষয়ে বেসরকারি স্বাস্থ্য সেবা ও স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ আসাদুল ইসলাম সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	:	২৭.০২.২০১৯, বিকাল ০৪.০০টা
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

সভাপতি হিসেবে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতিরিক্ত সচিব (হাসপাতাল) সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সভার প্রেক্ষাপট তুলে ধরেন এবং করণীয় বিষয়ে সংক্ষিপ্ত ধারণা প্রদান করেন। এ পর্যায়ে সূচনা বক্তব্য প্রদানের জন্য সচিব মহোদয়কে অনুরোধ জানান। সচিব মহোদয় উপস্থিত সুধিবৃন্দকে সভায় আগমনের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি বলেন নতুন সরকার গঠনের পরে মন্ত্রণালয়সমূহ পরিদর্শনের অংশ হিসেবে প্রথম দিকেই মাননীয় প্রধানমন্ত্রী গত ২৭ জানুয়ারি, ২০১৯ খ্রিঃ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় পরিদর্শন করেন এবং জনগণের জন্য মান সম্মত স্বাস্থ্য সেবা প্রদানের জন্য কতিপয় নির্দেশনা প্রদান করেন। তিনি উল্লেখ করেন যে, স্বাস্থ্য সেবায় গৃহীত কার্যক্রম সম্পর্কে জনগনকে অবহিত করা, স্বাস্থ্য সেবায় নিয়োজিত চিকিৎসক ও সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদেরকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সপ্তাহব্যাপি **জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯** উদ্‌যাপনের পরিকল্পনা গ্রহন করা হয়েছে। তিনি বলেন আগামী ১০-১৬ মার্চ অথবা সুবিধাজনক সময়ে **জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯** উদ্বোধনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে সচিব মহোদয় **জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯** উদ্‌যাপনের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করার জন্য অনুরোধ করেন। তিনি বলেন, পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর থেকে উদ্বোধনের সুনির্দিষ্ট তারিখ পাওয়া গেলে সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেওয়া হবে এবং তদানুযায়ী সকল পর্যায়ের কার্যক্রম গ্রহন করতে হবে। এ পর্যায়ে সভাপতি মহোদয় সভায় আগত প্রতিনিধিবৃন্দের মতামত আহবান করেন।

আলোচনায় অংশ নিয়ে ডাঃ মাহাবুব উদ্দিন আহমেদ, চীফ ক্লিনিক্যাল সর্ভিসেস, ইউনাইটেড হাসপাতাল স্বাস্থ্য সেবায় অবদান রাখার জন্য সরকারি প্রতিষ্ঠানের সাথে বেসরকারি প্রতিষ্ঠানে পুরস্কারের ব্যবস্থা প্রর্বতনের অনুরোধ করেন। সেন্ট্রাল হাসপাতালের প্রতিনিধি ডাঃ এম.এ কাশেম বলেন সরকারি প্রতিষ্ঠানের কর্মসূচির সাথে সংগতি রেখে তারাও স্বাস্থ্য সেবা সপ্তাহ উদ্‌যাপন করবেন। তিনি তার প্রতিষ্ঠানে সপ্তাহের ১ম দিন গরীব রোগীদের বিনামূল্যে সেবা প্রদান করবেন। এছাড়া, তিনি চিকিৎসা সেবা প্রদানকালে কিছু সমস্যার কথা তুলে ধরেন। সভার সভাপতি এসব বিষয়ে পরবর্তীতে সভা অনুষ্ঠানের আশ্বাস দিয়ে বলেন স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন প্রণীত হলে এ ধরণের অনেক সমস্যাই দুর হয়ে যাবে। ডাঃ দবির উদ্দিন, চীফ অপারেটিং অফিসার, ইমপালস হাসপাতাল, ঢাকা 'প্রাইভেট সেক্টরে চিকিৎসা সেবা, সমস্যা এবং প্রতিকার' শীর্ষক একটি কর্মশালা আয়োজন করা যেতে পারে মর্মে প্রস্তাব করেন। গত এক দশকে স্বাস্থ্য সেবায় যে ব্যাপক উন্নয়ন হয়েছে তা ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান।

জনাব খিজির হায়াত খান, চীফ কো-অর্ডিনেটর, ইসলামী ব্যাংক হাসপাতাল, ঢাকা এ ধরণের সভা আহবানের জন্য সভার সভাপতি মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং সরকারি কর্মসূচি অনুসরনে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। তিনি বলেন এর ফলে বেসরকারি হাসপাতাল সমূহ জবাবদিহিতার আওতায় আসবে। ডাঃ ইসাম ইবনে ইউসুফ সিদ্দিকী, প্রধান প্রশাসনিক কর্মকর্তা, স্কয়ার হাসপাতাল, ঢাকা বহিরাগত লোকজন এবং মিডিয়ার বিষয় তুলে ধরলে সচিব মহোদয় জানান স্বাস্থ্য সেবা ও সুরক্ষা আইন প্রণীত হলে এ ধরণের অনেক সমস্যাই দুর হয়ে যাবে।

জনাব শামসুদ্দিন আহমেদ, হেড অব রেগুলেটরী অফিসার, এ্যাপোলো হাসপাতাল জেলা/উপজেলা পর্যায়ের কমিটিতে বেসরকারি হাসপাতাল/ক্লিনিকের লোকজনকে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন। জনাব আনিসুজ্জামান, সিনিয়র জেনারেল ম্যানেজার, ইবনে সিনহা হাসপাতাল, ঢাকা বলেন জাতীয় কর্মসূচিসমূহে সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে দায়িত্ব দেয়া হলে বেসরকারি প্রতিষ্ঠান তা সানন্দে পালন করবে মর্মে জানান। তিনি তার প্রতিষ্ঠানের তরফ থেকে প্রনীত কর্মসূচি বাস্তবায়নসহ গৃহীত অন্য কোন সিদ্ধান্ত মেনে নেবেন বলে জানান। ডাঃ জসিম উদ্দিন খান, পরিচালক, আনোয়ার খান মর্ডান মেডিকেল কলেজ হাসপাতাল **জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ ২০১৯** উদ্‌যাপন উপলক্ষ্যে গঠিত সার্বিক ব্যবস্থাপনা কমিটিতে বেসরকারি প্রতিষ্ঠানসমূহ থেকে প্রতিনিধি অন্তর্ভুক্তির জন্য অনুরোধ জানান। ডাঃ মোঃ মইনুল আহাসান, ম্যানেজিং ডাইরেক্টর, গ্রীন লাইফ হাসপাতাল জানান স্বাস্থ্য সেবা সপ্তাহে সপ্তাহব্যাপি ছোট খাটো অস্ত্রোপচারসহ বিনামূল্যে আউটডোর রোগীদের চিকিৎসা সেবা প্রদান করবেন।

ডাঃ মনিরুজ্জামান ভূঁইয়া, সভাপতি, প্রাইভেট ক্লিনিক এন্ড ওনার্স এ্যাসোসিয়েশন প্রথমবারের মত এ ধরণের সভা আয়োজনের জন্য সভাপতি মহোদয়কে আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করে জানান বর্তমানে বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহ ৬৩% সেবা প্রদান করছে। তিনি আরও জানান এ খাতে বর্তমানে ৮৫,০০০ শয্যার বিপরীতে ২৫,০০০ চিকিৎসক এবং ৩১,০০০ নার্স কর্মরত রয়েছে। তিনিও সার্বিক ব্যবস্থাপনা কমিটিতে তাঁর সংগঠনের প্রতিনিধিত্ব রাখার অনুরোধ জানান। তিনি স্বাস্থ্য সেবা সপ্তাহের ১ম দিন সকল বেসরকারি প্রতিষ্ঠানের আউটডোরে সম্পূর্ণ বিনা খরচে চিকিৎসা সেবা প্রদানের অঙ্গিকার করেন। পরবর্তী দিনসমূহে নিজ নিজ প্রতিষ্ঠান সামর্থ্য অনুযায়ী স্বল্পমূল্যে চিকিৎসা সেবা প্রদান করতে পারেন। তিনি আরও জানান খুলনা বিভাগে ৮টি জেলা এবং বৃহত্তর রাজশাহী বিভাগের ১৬টি জেলার বেসরকারি প্রতিষ্ঠানসমূহসহ দেশের সকল বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে **জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ** উদ্‌যাপন করার ব্যবস্থা গ্রহন করা হবে।

জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯ উদ্‌যাপনের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

সিদ্ধান্তসমূহ:

১. **'জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ ২০১৯'** উদ্‌যাপনের জন্য প্রণীত সরকারি কর্মসূচির অনুরুপ কর্মসূচি বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহে প্রতিপালন করা হবে;

২. **'জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ ২০১৯'** উপলক্ষ্যে গঠিত সার্বিক ব্যবস্থাপনা কমিটিতে প্রাইভেট ক্লিনিক এন্ড ওনার্স এ্যাসোসিয়েশন এর সভাপতি/সাধারন সম্পাদক-কে অন্তর্ভুক্ত করতে হবে;

৩. জেলা/উপজেলা পর্যায়ের কমিটিতে বেসরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে;

৪. সরকারি/বেসরকারি মেডিকেল বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজসমূহে স্বাস্থ্য সেবা সপ্তাহ আড়ম্বরপূর্ণভাবে উদযাপন করতে হবে। স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় থেকে স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পত্র প্রদান করতে হবে;

৫. উপজেলা, জেলা, বিভাগ এবং কেন্দ্রীয় পর্যায়ে স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে আলোকসজ্জার ব্যবস্থা করতে হবে;

৬. অনুপ্রেরণা জাগানিয়া স্বাস্থ্য সংশ্লিষ্ট শ্লোগান সম্বলিত ব্যানার ফেস্টুন দ্বারা প্রতিষ্ঠানসমূহ সজ্জিত করতে হবে;

৭. উদ্বোধনী অনুষ্ঠানের পরবর্তী দিন সকাল ১০.০০ টায় বর্ণাঢ্য র‍্যালী অনুষ্ঠান করতে হবে;

৮. বেসরকারি প্রতিষ্ঠানসমূহে জেলা, বিভাগ এবং কেন্দ্রিয় পর্যায়ে স্বাস্থ্য সংশ্লিষ্ট সুনির্দিষ্ট বিষয়বস্তুর উপর আলোচনা সভা/সেমিনার আয়োজন করতে হবে;

৯. সকল বেসরকারি প্রতিষ্ঠানে জাতীয় সেবা সপ্তাহের ১ম দিন বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। এছাড়া নিজ নিজ সামর্থ্য অনুযায়ী সপ্তাহের বাকী দিনগুলোতে অনুরূপ চিকিৎসা সেবা প্রদান করা যেতে পারে;

১০. সকল বেসরকারি প্রতিষ্ঠানে বিদ্যমান সেবাসমূহ ও মূল্য তালিকা দৃশ্যমান স্থানে টানানোর ব্যবস্থা করতে হবে।

১১. স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ থেকে স্বাস্থ্য সেবা সপ্তাহ উদ্‌যাপনের বিষয়ে বেসরকারি স্বাস্থ্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পত্র প্রদান করতে হবে;

১২. কেন্দ্রীয়ভাবে গৃহীত কর্মসূচির (**পরিশিষ্ট-ক**) আলোকে প্রতিষ্ঠান ভিত্তিক কর্মসূচি গ্রহন করে বাস্তবায়ন করা যেতে পারে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত কর্মসূচি সাড়ম্বরে উদ্‌যাপনের আহবান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৪-০৩-২০১৯
(মোঃ আসাদুল ইসলাম)
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং-৪৫.১৬২.১১৬.০০.০০.০২৬.২০১৮- ৭০৬ তারিখঃ-০৪-০৩-২০১৯খ্রিঃ

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ</u>

১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। সভাপতি, মেডিকেল ওনার্স এ্যাসোসিয়েশন।
৪। সভাপতি, প্রাইভেট ক্লিনিক এন্ড ওনার্স এ্যাসোসিয়েশন।
৫। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, এ্যাপোলো হাসপাতাল, ঢাকা।
৬। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, স্কয়ার হাসপাতাল, পান্থপথ, ঢাকা।
৭। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, ল্যাবএইড স্পেশালাইজড হাসপাতাল, ধানমন্ডি, ঢাকা।
৮। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, ইউনাইটেড হাসপাতাল, গুলশান, ঢাকা।
৯। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, ইমপালস জেনারেল হাসপাতাল, তেজগাঁও, ঢাকা।
১০। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, বিআরবি হাসপাতাল, পান্থপথ, ঢাকা।
১১। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, সেন্ট্রাল হাসপাতাল, গ্রীনরোড, ঢাকা।
১২। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, গ্রীণ লাইফ হাসপাতাল, গ্রীনরোড, ঢাকা।
১৩। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, আজগর আলী হাসপাতাল, ঢাকা।
১৪। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, সালাউদ্দিন হাসপাতাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ স্পেশালাইজড হাসপাতাল, কল্যাণপুর, ঢাকা।
১৬। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, আনোয়ার খান মর্ডান মেডিকেল কলেজ হাসপাতাল, ধানমন্ডি, ঢাকা।
১৭। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, পপুলার মেডিকেল কলেজ হাসপাতাল, ধানমন্ডি, ঢাকা।
১৮। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, মেট্রোপলিটন হাসপাতাল, ঢাকা।
১৯। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, ইবনে সিনা হাসপাতাল, ধানমন্ডি, ঢাকা।
২০। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, ইসলামী ব্যাংক হাসপাতাল, ঢাকা।
২১। চেয়ারম্যান/ ব্যবস্থাপনা পরিচালক, শমরিতা হাসপাতাল, ধানমন্ডি, ঢাকা।

০৪.০৩.১৯
(মোঃ সাইফুল্লাহিল আজম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৪০৯৪৪

অনুলিপি:

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

০৬। অতিরিক্ত সচিব (হাসপাতাল/সঃ স্বাস্থ্য ব্যঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তারিখ	সময়	কার্যক্রম	স্থান	বাস্তবায়ন
	বিকাল ৩.০০	স্বাস্থ্য সেবায় কমিউনিটি ক্লিনিকের অবদান শীর্ষক আলোচনা সভা	ঢাকাস্থ সুবিধাজনক স্থানে	ব্যবস্থাপনা পরিচালক, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট, সংশ্লিষ্ট লাইন ডাইরেক্টর, সংশ্লিষ্ট উপ-কমিটি
৪র্থ দিন	সকাল ০৮:০০	বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা বিশেষায়িত হাসপাতালসহ সকল হাসপাতালের বহির্বিভাগে বিশেষ চিকিৎসা সেবা প্রদান	সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান
	সকাল ০৯.০০	সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা	সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান
	সকাল ১১.০০	মাননীয় মন্ত্রী এবং প্রতিমন্ত্রী কর্তৃক স্কুল হেলথ প্রোগ্রাম পরিদর্শন	(১) শেরে-বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয় (২) মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়, (৩) মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
	সকাল ১১.৩০	চিকিৎসা সেবায় নৈতিকতা বিষয়ক আলোচনা	সকল মেডিকেল কলেজ	অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)
	বিকাল ৩.০০	মেডিকেল কলেজ/কলেজ হাসপাতাল/বিশেষায়িত হাসপাতালে সেবার মানোন্নয়নে গৃহীত উদ্ভাবনী কার্যক্রম ও Best Practice Sharing বিষয়ক আলোচনা সভা।	বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় অডিটরিয়াম	উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট উপ-কমিটি
৫ম দিন	সকাল ০৮:০০	অটিজম ও বিশেষ চাহিদাসম্পন্ন ব্যক্তিদের বিশেষায়িত চিকিৎসা সেবা প্রদান	সকল মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতাল	পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল ও বিশেষায়িত হাসপাতাল (সকল)
	সকাল ০৯.০০	স্বেচ্ছায় রক্তদান ও অঙ্গ-প্রত্যঙ্গ দান বিষয়ক কর্মসূচী	সকল মেডিকেল কলেজ হাসপাতাল/ বিশেষায়িত হাসপাতাল	পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)
	সকাল ১০:০০	স্বাস্থ্য সচেতনতা সৃষ্টির লক্ষ্যে স্কুল হেলথ প্রোগ্রাম আয়োজন	(১) ধানমন্ডি গভঃ বয়েজ হাইস্কুল, ঢাকা (২) আজিমপুর গার্লস স্কুল এন্ড কলেজ	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
	বিকাল ০৩.০০	অটিজম ও মানসিক স্বাস্থ্য বিষয়ক আলোচনা	ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট (অথবা সুবিধাজনক স্থান)	প্রধান সমন্বয়ক, অটিজম সেল, স্বাস্থ্য সেবা বিভাগ/ লাইন ডাইরেক্টর, নন কমিউনিকেবল ডিজিজেস কন্ট্রোল/ সংশ্লিষ্ট উপ-কমিটি
	বিকাল ০৪:০০	জাতীয় স্বাস্থ্য সেবা সপ্তাহ-২০১৯ এর সমাপনী অনুষ্ঠান	ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউট (অথবা সুবিধাজনক স্থান)	সংশ্লিষ্ট কমিটি